

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৩১.০০১.১৯-৫২৭

তারিখঃ ০১ কার্তিক ১৪২৬
১৭ অক্টোবর ২০১৯

বিষয়ঃ বকেয়া পেশাগত ফি পরিশোধ এবং মামলা ফিরিয়ে নেয়া প্রসঙ্গে।

সূত্র: বিজ্ঞ কৌসুলি কাজী মাদ্দনুল হাসান কর্তৃক দাখিলকৃত আবেদনের স্মারক নং-LJ/KMH/MoE/243 তারিখ: ০২.১০.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকমূলের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাননীয় আদালতে দায়েরকৃত এ.টি মামলা নং-৩৮৫/১৭, কনট্রোল পিটিশন নং-২৬৭/২০১৬ (রিট পিটিশন নং-১০৮৮২/২০১৩ হতে উদ্ভূত), কনট্রোল পিটিশন নং-৬০/২০১৯ (রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ হতে উদ্ভূত) এবং রিট পিটিশন নং-১৫৪৭৭/২০১৮ মামলা তদারকি ও পরিচালনার জন্য মহোদয় কর্তৃক ১১৬৯০০/- (এক লক্ষ ষোল হাজার নয়শত) টাকার বিল TMED তে দাখিল করা হয়।


০২। দাখিলকৃত বিলের মধ্য থেকে ২৫২০০/- (পঁচিশ হাজার দুইশত) টাকার প্রমাণক সঠিক পাওয়ায় বিধি মোতাবেক ট্যাক্স/ভ্যাট কর্তন সাপেক্ষে পরিশোধ করা হয় এবং পরবর্তিতে অবশিষ্ট ৯১৭০০/- টাকার ভাউচার/প্রমাণক দাখিল সাপেক্ষে পরিশোধ করা হবে মর্মে মহোদয়কে গত ২৫.০৬.১৯ তারিখের ৩৩০ সংখ্যক পত্রমূলে অনুরোধ করা হয়।

০৩। পরবর্তীতে মহোদয় কর্তৃক অবশিষ্ট ৯১৭০০/- টাকার বিলের বিপরীতে ভাউচার/প্রমাণক দাখিল করা হলে তন্মধ্যে এ.টি মামলা নং-৩৮৫/১৭ মামলা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য দাখিলকৃত বিল পর্যালোচনা করে নিয়োক্ত ত্রুটিসমূহ চিহ্নিত করা হয়:

| ক্রমিক | যে কার্যক্রমের জন্য বিল দাবী করা হয়েছে | বিলের পরিমাণ | একক মজুরী (টিএমইডি অনুমোদিত) | TMED কর্তৃক গৃহীত সিদ্ধান্ত |
|--------|--|--|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | কম্পিউটার কম্পোজ জবাব, দরখাস্ত, হাজিরা ৩৫ পৃষ্ঠা | ২২৭৫/- (প্রতি পৃষ্ঠা ৬৫ টাকা করে) (৩৫X৬৫)= ২২৭৫/- | প্রমাণক দাখিল সাপেক্ষ | কম্পিউটার কম্পোজ, জবাব তৈরী, দরখাস্ত লিখন ও হাজিরার আবেদন মোট ৩৫ পৃষ্ঠা ৬৫/- হারে ব্যয় দেখানো হলেও মোট ২২৭৫/- টাকা কাকে পরিশোধ করা হয়েছে এর স্বপক্ষে প্রমাণক হিসেবে ভাউচার দাখিল করা হয়নি বিধায় বিলটি পরিশোধের জন্য পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না। যে কার্যক্রমের জন্য বিল দাবী করা হয়েছে তা নিজ চেম্বারে প্রযোজ্য কাজ সম্পাদন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। |
| ০২ | ফটোকপি-১০০ পৃষ্ঠা | ২২৫/- | ১৪০০/- | ফটোকপি কত টাকা হারে করা হয়েছে এবং কার বরাবর পরিশোধ করা হয়েছে এর স্বপক্ষে প্রমাণক হিসেবে কোন ভাউচার বিজ্ঞ কৌসুলি কর্তৃক দাখিল করা হয়নি। |
| ০৩ | ওকালতনামা | ১০০০/- | ওকালতনামা দাখিলের রেট ধার্য নেই | ওকালতনামার অনুকূলে বিল পরিশোধের অনুমোদিত চার্ট না থাকা সত্ত্বেও বিজ্ঞ কৌসুলি কর্তৃক ভাউচার/প্রমাণক বাতীত বিল দাবী করা হয়েছে যা যথাযথ হয়নি বিধায় বিল পরিশোধের পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না। |
| ০৪ | বিবিধ, কোট ফিস, এভিডেভিট, অন্যান্য | ২৫০০/- | বিবিধ-১৪০০/- কোট ফি- প্রমাণক দাখিল সাপেক্ষ | বিবিধ, কোট ফিস, এভিডেভিট ও অন্যান্য বিষয়ে সর্বমোট ২৫০০/- টাকা ব্যয় দেখানো হলেও কোন আইটেমে কত টাকা ব্যয় হয়েছে তা পৃথকভাবে না দেখিয়ে এবং কাকে পরিশোধ করা হয়েছে এর স্বপক্ষে প্রমাণক হিসেবে ভাউচার দাখিল করা হয়নি বিধায় বিল পরিশোধের পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না। যে কার্যক্রমের জন্য বিল দাবী করা হয়েছে তা নিজ চেম্বারে প্রযোজ্য কাজ সম্পাদন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। |

০৪। একইরূপ ত্রুটি বিদ্যমান থাকায় কনট্রোল পিটিশন নং-২৬৭/২০১৬ (রিট পিটিশন নং-১০৮৮২/২০১৩ হতে উদ্ভূত), কনট্রোল পিটিশন নং-৬০/২০১৯ (রিট পিটিশন নং-১২২৯৩/২০১৫ হতে উদ্ভূত) এবং রিট পিটিশন নং-১৫৪৭৭/২০১৮ মামলার জন্য চাহিত বকেয়া বিলও পরিশোধের জন্য পদক্ষেপ নেয়া যাচ্ছে না।

০৫। এমতাবস্থায়, উপরিউক্ত বিলগুলো নির্দেশনামতে (কলাম-৫ এ বর্ণিত মতে) সংশোধনক্রমে পুনরায় দাখিল করা হলে পরিশোধের নিমিত্ত পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে মর্মে নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।


(এ. কে. এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০

কাজী মাদ্দনুল হাসান,
বিজ্ঞ কৌসুলি, এপার্টমেন্ট নং-৪বি, ২৭৪,
এলিফ্যান্ট রোড (নকশী জাহান), ঢাকা-১২০৫।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।